# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.04.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে আগামীকাল দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে ভোটগ্রহণের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, সবরকমের ব্যবস্থা নিয়েছে।

এই দফার ভোটে যেকোনো অপ্রীতিকর ঘটনার অভিযোগ জানাতে বিজেপি হেল্পলাইন চালু করছে।

২) কলকাতা হাইকোর্টের নির্দেশে চাকরী খোয়ানো প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীকে এপ্রিল মাসের বেতন দেবে রাজ্য সরকার।

৩) তীব্র তাপপ্রবাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। কলকাতায় আজ চলতি মরশুমের উষ্ণতম দিন। তাপমাত্রা ছুয়েছে ৪১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

---

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে আগামীকাল এরাজ্যে দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট এই তিনটি আসনে ভোটগ্রহণের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। ভোটকর্মীরা ইতোমধ্যেই তাদের সরঞ্জাম নিয়ে ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পৌঁছে গেছেন। ভোটগ্রহণ শুরু হবে সকাল সাতটায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।

বালুরঘাটের ভোট নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

এদিকে, অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, সবরকমের ব্যবস্থা নিয়েছে। তিনটি কেন্দ্রে মোতায়েন থাকছে ২৭২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও প্রায় ১৩ হাজার রাজ্য পুলিশ। কোনো গন্ডগোল হলে চটজলদি ব্যবস্থা নেবার জন্য থাকবে ২৭০ কোম্পানি কুইক রেসপন্স টিম QRT।

৯৮ শতাংশ ভোটগ্রহণ কেন্দ্রকেই সংকটপ্রবণ ও অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সমস্ত বুথেই হবে ওয়েব কাস্টিং। তিনটি আসনে ভোটদাতা রয়েছেন ৫১ লক্ষ ৩২ হাজারের বেশি। প্রার্থী আছেন ৪৭ জন।

দার্জিলিং লোকসভা কেন্দ্রের ভোট নিয়ে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

((দার্জিলিং লোকসভা কেন্দ্রে মোট প্রার্থীর সংখ্যা ১৪। ১৭ লক্ষ ৭৬ হাজারেরও বেশি ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ভারত নেপাল সীমান্ত এলাকা গতরাত থেকে সিল করে দেওয়া হয়েছে। তবে পর্যটক ও চিকিৎসা সংক্রান্ত ক্ষেত্রে সীমান্ত পারাপার করা যাবে।

রায়গঞ্জ লোকসভা কেন্দ্রে ১৭ লক্ষ ৯০ হাজারেরও বেশি ভোটদাতা ২০ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। এর মধ্যে তৃতীয় লিঙ্গের ভোটার আছেন ৮৮ জন। এক হাজার ৭৩০ টি বুথ খোলা হয়েছে। এরমধ্যে সংকটপ্রবণ বুথের সংখ্যা ২১০। ভোটকর্মীর সংখ্যা ৮ হাজারেরও বেশি ১১১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি ৪ হাজার রাজ্য পুলিশ মোতায়েন করা হয়েছে। সব বুথেই থাকছে সিসি ক্যামেরা ও ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা।

বালুরঘাটে ৭৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি তিন হাজার রাজ্য পুলিশ মোতায়েন থাকছে। মোট এক হাজার ১৬৯ টি বুথের মধ্যে মহিলা পরিচালিত বুথ রয়েছে ৩৬ টি। প্রায় ১৫ লক্ষ ৫৭ হাজার ভোটদাতা ১৩ জন প্রার্থীর রাজনৈতিক প্রআ৪থীর ভাগ্য নির্ধারণ করবে। ভোটকর্মী আছেন ৬ হাজার ৪০০-রও বেশি।))

---------------------------

দ্বিতীয় দফার নির্বাচনে আগামীকাল যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনার অভিযোগ জানাতে বিজেপি দলের তরফে হেল্পলাইন নাম্বার চালু করছে। এই নম্বরে দলীয় কর্মী এবং সাধারণ মানুষ অভিযোগ জানাতে পারবেন। হেল্পলাইন নম্বরটি হল ০৮০৬২৩৪৮৪০৫,হোয়াটসঅ্যাপ নম্বর হল ৮১০০৮৭৬১০৭ এবং ইমেইল আইডি হল এমার্জেন্সি রেসপন্স বিজেপি অ্যাট দা রেট জিমেইল ডট কম। আগামীকাল ভোর পাঁচটা থেকে এই ফোন নম্বরগুলি ওই ইমেইল আইডি সক্রিয় হবে বলে দলীয় সূত্রে জানা গেছে।

---------------------------

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় প্রার্থীপদ দাখিলের আজই ছিল শেষ দিন। এই দফায় পশ্চিমবঙ্গের ৮ টি সহ মোট ৯৬ টি আসনে ভোটগ্রহণ ১৩ ই মে। এরাজ্যের আসনগুলি হল বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধামান-দুর্গাপুর, আসানসোল, বোলপুর ও বীরভূম। জমা পড়া মনোনয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন সোমবার ২৯ শে এপ্রিল।

---------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ে ভোটগ্রহণের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি করা হবে। সেই সঙ্গেই শুরু হয়ে যাবে মনোনয়ন পত্র দাখিলের কাজ। এই পর্যায়ে পশ্চিমবঙ্গ সহ ৮ টি রাজ্যে ৪৯ টি আসনে ভোট নেওয়া হবে বিশে মে। এরমধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের ৭ টি আসন - শ্রীরামপুর, ব্যারাকপুর, হুগলী, বনগাঁ, হাওড়া, উলুবেড়িয়া ও আরামবাগ।

তেসরা মে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরের দিন চৌঠা মে জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৬ই মে।

--------------------------

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে বিজেপি, মালদা দক্ষিণ লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরীর বিরুদ্ধে আপত্তিকর, অবমাননাকর এবং নারী বিদ্বেষী মন্তব্য করার অভিযোগ জানিয়েছে নির্বাচন কমিশনের কাছে। মুখ্য নির্বাচনী আধিকারিককে  লেখা চিঠিতে দলের নেতা শিশির বাজোরিয়া, এধরনের অবমাননাকর মন্তব্য করার জন্য অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়েছেন।

--------------------------

মুর্শিদাবাদের রানীনগরের পানিপিয়ায় বাম কংগ্রেস জোটের মিছিলের সামনে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বোমাবাজির ঘটনায় আজ বিকেলে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। জোটের সমর্থকরা দুষ্কৃতিদের তাড়া করলে অভিযুক্তরা এলাকা ছেড়ে পালিয়ে যায় বলে অভিযোগ। রানীনগর থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকায় পুলিশি টহল চলছে।

--------------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশে চাকরি খোয়ানো প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীকে এপ্রিল মাসের বেতন দেবে রাজ্য সরকার। শিক্ষা দফতর সূত্রে খবর, ওই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই শিক্ষক ও শিক্ষা কর্মীদের বেতন বন্ধ হবে না।

এস এস সি নিয়োগ দুর্নীতি মামলায় হাইকোর্টের রায়কে ইতোমধ্যেই শীর্ষ আদালতে চ্যালেঞ্জ জানিয়েছে রাজ্য শিক্ষা দফতর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ।

এদিকে, হাইকোর্টের রায় নিয়ে মন্তব্য করার জন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত পদক্ষেপের আবেদন গ্রহণ করেছে আদালত। বিষয়টি নিয়ে আজ প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের নেতৃত্বাধীন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেন আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য। আবেদন গ্রহণ করলেও কি পদক্ষেপ করা হবে তা স্পষ্ট করেনি বেঞ্চ।

অন্যদিকে, নির্বাচনী প্রচারে আজও হাইকোর্টের রায়কে নিশানা করেন তৃণমূল কংগ্রেস প্রধান।

মেদিনীপুর কেন্দ্রের দলীয় প্রার্থী জুন মালিয়ার সমর্থনে দাঁতনে এক জনসভায় মুখ্যমন্ত্রী, ওই রায়ের তীব্র সমালোচনা করে বলেন, রাজ্য সরকার এর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে যাবে। এই প্রসঙ্গে সুভাষ চন্দ্র বসুর লেখা বই উদ্ধৃত করে তিনি বলেন, মানুষের ভুল করার অধিকার আছে।

(বাইট – মমতা)

এদিকে, শিবডিতে এক জনসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, শিক্ষক নিয়োগ নিয়ে কলকাতা হাইকোর্টের রায় প্রসঙ্গ তুলে মুখ্যমন্ত্রীর সমালচোনায় সরব হন। তিনি আরও বলেন, যারা মেধায় চাকরী পেয়েছেন, তাদের চাকরী থেকে যাওয়া উচিত। তবে যারা বেআইনীভাবে চাকরি পেয়েছে, তাদের গ্রেপ্তার করে আসল দোষীদের খুঁজে বের করার পক্ষে দোরালো সওয়াল করেন তিনি।

বাইট – শুভেন্দু

অন্যদিকে, পুরুলিয়ার একটি রিসর্টে কর্মী সম্মেলনের পর তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়েও এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক নিয়োগ মামলার রায় নিয়ে সরব হন। চাকরিহারাদের উদ্দেশে তিনি বলেন, কারোর চাকরি এই সরকার যেতে দেবেনা, বিশেষ করে মেধাযুক্তদের। তৃণমূল কংগ্রেস সর্বশক্তি প্রয়োগ করে তাদের পাশে থাকবে বলেও তিনি আশ্বাস দেন। হাইকোর্টের রায়ে বিজেপির প্রভাব রয়েছে বলেও তাঁর দাবি।

অন্যদিকে, চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশ শহীদ মিনার ময়দানে প্রতিবাদ বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন।

এদিকে, চাকরিহারাদের একাংশের সঙ্গে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আজ তৃণমূল ভবনে বৈঠক করেন।

--------------------------

এসএসসি দুর্নীতি মামলায় হাইকোর্টের রায়ে চাকরি বাতিলের প্রতিবাদে যোগ্য শিক্ষকরা আজ সল্টলেকে স্কুল সার্ভিস কমিশন ভবন অভিযান করে। তাদের ওই অভিযানে সংগ্রামী যৌথ মঞ্চের সদস্য রাও সামিল হয়েছেন  বলে জানা গেছে। চাকরি

হারা শিক্ষকদের ওই অভিযান পুলিশ করুণাময়ী মোড় এ আটকে দেয়। এরপর শিক্ষক ও সংগ্রামী যৌথ মঞ্চের সঙ্গে পুলিশের ব্যাপক বাকবিতণ্ডা শুরু হয়।

অন্যদিকে, যোগ্য চাকরিপ্রার্থীদের পুনর্বহালের দাবিতে এবং মুখ্যমন্ত্রী ও শিক্ষা মন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ কোচবিহারে এবিটিএ সহ বাম সরকারি কর্মীদের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে প্রতিবাদ মিছিল বের করা হয় এবং ডিআই অফিসের সামনে বিক্ষোভ দেখানো হয়।

--------------------------

তীব্র তাপপ্রবাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। আবহাওয়া দফতর আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে আগামী কয়েকদিন তাপমাত্রা আরও ২ থেকে ৪ ডিগ্রী বাড়তে পারে বলেও পূর্বাভাসে জানানে হয়েছে।

কলকাতায় আজ ছিল চলতি মরশুমের উষ্ণতম দিন। সর্বোচ্চ তারপমাত্রা রেকর্ড করা হয় ৪১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৬ ডিগ্রি বেশি। গত কয়েক দশকে কলকাতায় তাপমাত্রার পারদ এতটা ওঠেনি বলেই আবহাওয়াবিদদের অভিমত।

দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও বাঁকুড়াতেও আজ তীব্রপ্রবাহের এবং দুই ২৪ পরগনায় কমলা সতর্কতা জারি করা হয়।

আগামীকালও দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায় তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি থাকছে।

অন্যান্য জেলাতেও তাপপ্রবাহের পরিস্থিতি চলবে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে তীব্র গরমে ছাদের উপর রিলস বানাতে গিয়ে এক কিশোরীর মৃত্যু হয়েছে । আলপনা মণ্ডল নামে ১৩ বছরের মেয়ে রোদের মধ্যে মাথা ঘুরে পড়ে যায়। সোনারপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। পুলিশ জানিয়েছে, আলপনার বাবা ও মা সেই সময় বাড়িতে ছিলেন না। এক বান্ধবীর সঙ্গে সে ঐ রিলস বানাতে যায়।

------------------------- -------------------------